গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪).২৪৭ তারিখ: ২৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৫ খ্রি.

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের এপ্রিল, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | মো. আবদুল জলিল, মহাপরিচালক |
| সভার তারিখ | ০৮ এপ্রিল, ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০টায় |
| স্থান | সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামান্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মার্চ, ২০২৫ মাসে ডিজিটাল ফরমেটে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ০৪টি, প্রামাণ্যচিত্র/কাহিনীচিত্র ০৩ টি, ৩৫ মি.মি ও ১৬ মি.মি ফিল্ম ফরম্যাটে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ০৫টি, ৩৫ মি.মি ও ১৬ মি.মি ফিল্ম ফরম্যাটে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ০১টি, ৩৫ মি.মি ও ১৬ মি.মি ফিল্ম ফরম্যাটে প্রামাণ্যচিত্র ০৩টিসহ মোট ১৬টি চলচ্চিত্র সংগ্রহ করা হয়। মার্চ, ২০২৫ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য কোন সংগ্রহ নেই। | সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২। | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। মার্চ, ২০২৫ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (নিশান ও জীবন সাথী) এবং ০৫টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |

**(খ) হিসাব শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বাজেট বাস্তবায়ন | ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৯ কোটি ৬৯ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থবছরের মার্চ, ২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৫ কোটি ৫৪ লক্ষ ৩১ হাজার ১৩৫ টাকা, যা মূল বাজেটের ৫৭.২০%। | নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ) এবং হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৪। | অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয় | ২০২৪-২৫ অর্থবছরের মার্চ, ২০২৫ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৪,৭৫,৮৬৯/- টাকা আয় হয়েছে, যা প্রাক্কলিত মোট আয়ের ১২.৬৮%। | আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), হিসাবরক্ষণ কর্মকর্তা |

**(গ) লাইব্রেরি শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | গবেষণা/ পুস্তক ও জার্নাল মুদ্রণ | ক) বিশেষজ্ঞ কমিটির দিকনির্দেশনা অনুযায়ী সংশোধিত গবেষণাপত্রের কপি অতি দ্রুত সংগ্রহের জন্য সংশ্লিষ্ট গবেষকগণের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br><br>খ) প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহের মূল্যায়ন পর্যালোচনা বিষয়ক বিশেষজ্ঞ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>গ) ২০২৪-২৫ অর্থবছরে মুদ্রণের জন্য নির্বাচিত ৫টি গ্রন্থের প্রথম প্রুফ রিডিং এর কাজ শেষ পর্যায়ের রয়েছে এবং প্রচ্ছদের কার্যক্রম চলমান।<br><br>ঘ) জার্নাল প্রকাশের জন্য চূড়ান্ত প্রবন্ধ নির্বাচনের নিমিত্ত সম্পাদনা পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। | ক) গবেষক কর্তৃক চূড়ান্ত পাণ্ডুলিপি প্রাপ্তি সাপেক্ষে মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ কমিটির সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ করতে হবে।<br><br>খ) আগামী ২০ ও ২১ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখে প্রাথমিকভাবে নির্বাচিত ২০ জন গবেষণা প্রস্তাবকারীর সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।<br><br>গ) মুদ্রণের কার্যক্রম যথাসময়ে শেষ করার জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>ঘ) প্রকাশের জন্য নির্বাচিত প্রবন্ধের সফটকপি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রেরণ করতে হবে। প্রচ্ছদ চূড়ান্তকরণের জন্য সম্পাদনা পরিষদের সভা আহবান করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/ আর্কাইভ), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান এবং সহকারি লাইব্রেরিয়ান |

**(ঘ) মেইনটেন্যান্স শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি মেইনটেন্যান্স সংক্রান্ত কাজ | মার্চ ২০২৫ মাসে দপ্তরের ০৩টি লিফটের পিরিয়ডিক সার্ভিসিং কাজ করা হয়েছে। ৭ম তলায় ইন্টারনেট রাউটার (বিকল্প সংযোগ) পরিবর্তন করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের পিএ এবং লাইব্রেরি শাখায় কাউন্টার সহকারির ব্যবহৃত প্রিন্টার মেরামত করা হয়েছে। সিসিটিভি সিস্টেমে ৩টি ক্যামেরা পরিবর্তন করা হয়েছে। সাবস্টেশনে স্থাপিত ব্যাকআপ জেনারেটর-১ এর জন্য ডিজেল ক্রয় করা হয়েছে। সকল ভল্টের সাব-ডিস্ট্রিবিউশন বোর্ডের পাওয়ার ক্যাবলসমূহ সার্ভিসিং করা হয়েছে। +৪° সেলসিয়াস ভল্টের আউটডোর ইউনিটে গ্যাস চার্জ ও ফ্যানের পাখা মেরামত করা হয়েছে। -৮° সেলসিয়াস ভল্টের আউটডোর ইউনিটের ১১টি ফিউজ ও ৪টি ক্যাপাসিটর এবং ডি-হিউমিডিফায়ারের প্রসেস ব্লোয়ার মটর পরিবর্তন করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে দপ্তরের সীমানা প্রাচীরের সামনের অংশ রং করা হয়েছে। দপ্তরের নিরাপত্তা নিশ্চিতের জন্য ভবনের পেছনের অংশে ওয়াচ টাওয়ার স্থাপনের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে আলোচনা হয়েছে। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বৈদ্যুতিক সাবস্টেশন, ফায়ার ডিটেকশন-প্রটেকশন সিস্টেম, লিফট সিস্টেম, সিসিটিভি সিস্টেম, আইপি-পিবিএক্স সিস্টেম, ফিল্ম ভল্টসমূহ ও সেন্ট্রাল এসির নিয়মিত পর্যবেক্ষণ, মেরামত, সার্ভিসিং বা রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। অতিদ্রুত ওয়াচ টাওয়ার স্থাপনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সকল ধরনের যন্ত্রপাতি সংযোজন বা মেরামতের ভিডিও চিত্র তাৎক্ষণিক ধারণ করে মহাপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরী ও গবেষণা/আর্কাইভ), এসএই-(সকল) |

**(ঙ) প্রশাসন শাখা**

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস | প্রস্তাবিত নিয়োগবিধির সারসংক্ষেপসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব চলচ্চিত্র-২ শাখায় মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এ বিষয়ে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (আর্কাইভ), এসএই-(সকল), প্রশাসনিক কর্মকর্তা |
| ৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ সংশোধন এবং পরবর্তী কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া, শুদ্ধাচার, উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থবছরের এপিএ কার্যক্রমের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ৯। | ওয়েবসাইট হালনাগাদকরণ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-২ |
| ১০। | ডি-নথির ব্যবহার | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় ফেব্রুয়ারি, ২০২৫ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ১০০% হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | ১০০% ডি-নথির কার্যক্রম করার ধারা অব্যাহত রাখতে সচেষ্ট থাকতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা |
| ১১। | বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রসাধন | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছ্রসাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছ্রসাধন জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু রয়েছে। | অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ করতে হবে। | পরিচালক, পরিচালক-২, উপপরিচালক (সকল), দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী |

**(চ) প্রকল্প বাস্তকবায়ন**

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ 'দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক উন্নয়ন প্রকল্পটি বাস্তবায়ন করছে। ৬২.৬৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটির সংশোধিত বাস্তবায়নকাল জুলাই, ২০২১ হতে জুন, ২০২৫ পর্যন্ত। জুন, ২০২৪ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ১৫.৯৩ কোটি টাকা। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে ৪.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এ পর্যন্ত ৩.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে। মার্চ/২০২৫ পর্যন্ত ব্যয় ৮৩.৪৭ লক্ষ টাকা, যা আরএডিপি বরাদ্দের ২০.৮৭% ও অবমুক্তকৃত অর্থের ২২.২৮%। জুন/২০২৪ পর্যন্ত বিশ্বের বিভিন্ন উৎস হতে মুক্তিযুদ্ধ সম্পর্কিত ৪৩৫টি অডিও ভিজ্যুয়াল ফুটেজ/ডকুমেন্টারি সংগ্রহ করা হয়েছে। এ পর্যন্ত বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকারভিত্তিক ৩২৮টি ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। মুক্তিযুদ্ধ সম্পর্কিত ২৩৯৪ ধরনের পুস্তক ও জার্নাল ক্রয় করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিপির তালিকাভুক্ত ২০ ক্যাটাগরির অফিস যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। সর্বশেষ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ১টি ডিজিটাল সিনেমা প্রজেক্টর স্থাপনের কার্যসমাপ্তির সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতি যথাক্রমে ২৬.৭৫% ও ৩২%।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি সমাপনের প্রস্তাব আরডিপিপি ছকে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জুন/২০২৫ এর মধ্যে প্রকল্পটি কাজ অসমাপ্ত রেখে সমাপ্ত করা হবে। | বর্ধিত সময়ের মধ্যে ডিজিটাল সিনেমা প্রজেক্টর প্রাপ্তি ও স্থাপন নিশ্চিত করার লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |
| ১৪। | 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক নতুন প্রকল্প প্রস্তাব | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০.১১.২০১৪ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী 'দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণ অভ্যুত্থান-২০২৪ এর অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ' শীর্ষক একটি নতুন প্রকল্প প্রস্তাব ১৫.১২.২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৭.২০ কোটি টাকা এবং বাস্তবায়নকাল এপ্রিল ২০২৫ থেকে থেকে জুন ২০২৭ পর্যন্ত। প্রস্তাবিত প্রকল্পের মূল কার্যক্রম হচ্ছে (১) দেশি ও বিদেশি উৎস থেকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান-২০২৪ এর অডিও-ভিজ্যুয়াল ফুটেজ সংগ্রহ, (২) সাক্ষাৎকারভিত্তিক ডকুমেন্টারি নির্মাণ ৩০০টি, (৩) ইন্টারেক্টিভ ডিজিটাল আর্কাইভ স্থাপন ১টি এবং (৪) গণঅভ্যুত্থান বিষয়ক ০১ টি বিশেষায়িত ফিল্ম মিউজিয়াম তৈরি।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি চলতি অর্থবছরের আরডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্তকরণের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটির সভায় সুপারিশপ্রাপ্ত হয়েছে। এছাড়া, প্রস্তাবিত প্রকল্পের জনবল নির্ধারণের বিষয়টি পুন:বিবেচনার জন্য অর্থবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য ২৫.০২.২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন অঙ্গ সংযোজন এবং অফিস যন্ত্রপাতিসহ বিভিন্ন অঙ্গের ক্রয়ের ক্ষেত্রে বাজারদর যাচাইয়ের কার্যক্রম চলমান। বাজারদর যাচাই সম্পন্ন হলে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | প্রকল্প অনুমোদনের বিষয়টি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৪/২০২৫

মো. আবদুল জলিল
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৪১০২৪৬৩৬
Email: dg@bfa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক-২, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপপরিচালক (সকল), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
০৯। অফিস নথি।